



চবি ছাত্রলীগের দুই গ্রন্থের সংঘর্ষ || ২৫ কক্ষ ভাংচুর

প্রকাশিত: ০১ - মার্চ, ২০১৯ ১২:০০ এ. এম.

চবি সংবাদদাতা || চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে ছাত্রলীগের বিভিন্ন গ্রন্থের মধ্যে গত কয়েকদিন ধরে চলছে সংঘর্ষ। এতে আহত হয়েছে ৪০ জনেরও অধিক ছাত্রলীগ কর্মী। ফলে শিক্ষার পরিবেশ বিস্থিত হচ্ছে। নষ্ট হচ্ছে শিক্ষার্থীদের ব্যক্তিগত মালামালও। এরই ধারাবাহিকতায় বৃহস্পতিবার আবারও সংঘর্ষে জড়িয়েছে ছাত্রলীগের দুটি গ্রন্থ। বিকেল তিনটার দিকে সোহরাওয়ার্দী হলের সামনে এ ঘটনা ঘটে। এ ঘটনার জের ধরে ভাঙচুর করা হয়েছে সোহরাওয়ার্দী হলের প্রায় ২৫টি কক্ষ। এ সময় তিনজন ছাত্রলীগ কর্মীকে আটক করেছে পুলিশ। উদ্বার করা হয়েছে ৬টি দেশীয় অস্ত্র। বৃহস্পতিবারের সংঘর্ষে আহত হয়েছে ৬ জন। আহতরা হলেন ইতিহাস বিভাগের ওসমান, বাংলা বিভাগের ইমরান হাসান, ইংরেজী বিভাগের ফয়সাল ও রহমত উল্লাহ, সমাজতত্ত্ব বিভাগের মেহেদী হাসান এবং ইসলামের ইতিহাস বিভাগের আব্দুস সাত্তার। পুলিশ ও বিশ্ববিদ্যালয় প্রশাসন সূত্রে জানা যায়, বুধবার রাতে সোহরাওয়ার্দী হলের ক্যাফেটেরিয়ায় ছাত্রলীগের বিজয় ও সিএফসি গ্রন্থের দুইজনের মধ্যে কথাকাটাকাটি হয়। একপর্যায়ে তা সংঘর্ষে রূপ নেয়। এরই জের ধরে বৃহস্পতিবার আবার সংঘর্ষে জড়ায় গ্রন্থ দুটি। এ সময় সোহরাওয়ার্দী হলের ২৫টি কক্ষে ভাঙচুর করা হয়েছে। পরে পুলিশ এসে লাঠিচার্জ করে তাদের ছত্রভঙ্গ করে দেয়।

সম্পাদক, মুদ্রাকর ও প্রকাশক: মোহাম্মদ আতিকউল্লাহ খান মাসুদ (এম এ খান মাসুদ), উপদেষ্টা সম্পাদক: তোয়াব খান, নির্বাহী সম্পাদক: স্বদেশ রায়। সম্পাদক কর্তৃক গ্লোব জনকর্ত শিল্প পরিবার-এর সদস্য প্রতিষ্ঠান যথাক্রমে গ্লোব প্রিন্টার্স লি: ও জনকর্ত লি: থেকে মুদ্রিত ও প্রকাশিত। রেজি: নং ডি.এ. ৭৯৬। কার্যালয়: জনকর্ত ভবন, ২৪/ এ রাশেদ খান মেনন সড়ক, নিউ ইক্সটন, জিপিও বাস্ক: ৩৩৮০, ঢাকা, ফোন: ৯০৪৭৭৮০-৯৯ (অটোহান্স্টিং ২০ টি লাইন), ফ্যাক্স: ৯০৫১৩১৭, ৮৩১৬৩৩৫, ই-মেইল: janakanthanews@gmail.com ওয়েবসাইট: www.dailyjanakantha.com এবং www.edailyjanakantha.com || Copyright © All rights reserved by dailyjanakantha.com

Developed By
Bikiran.Com